

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 23-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

.....
India, Bangladesh :

ভারত ও বাংলাদেশের মধ্যে ভবিষ্যতে যোগাযোগ, বাণিজ্য আরো বাড়তে দুই দেশ গুরুত্ব আরোপ করেছে। এক্ষেত্রে ভারতের বিকাশ ভারত ভিশন ২০৪৭ এবং বাংলাদেশের স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ এই দুটি ভিশন ডকুমেন্টের উল্লেখিত বিষয়ের উপর অধিক গুরুত্ব দিতে দুই দেশ সম্মত হয়েছে। গতকাল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে নয়াদিল্লিতে এক বৈঠকে এই দুটি নথিপত্র আদান প্রদান করা হয়।

Examination-Committee :

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক সর্বভারতীয় স্তরে গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলিতে স্বচ্ছ, সুষ্ঠু ও নিরপেক্ষ পরিচালনা নিশ্চিত করতে উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। UGC এই কমিটি গঠনের সিদ্ধান্ত কে স্বাগত জানিয়েছে।

এই কমিটি পরীক্ষা প্রক্রিয়ার পদ্ধতির সংস্কার সাধন, ডেটা সুরক্ষা বিধির উন্নতি এবং এন টি এ-র -এর কাঠামো ও কার্যকারিতা নিয়ে সুপারিশ করবে।

৭ সদস্যের এই কমিটির চেয়ারম্যান হলেন ইসরোর প্রাক্তন চেয়ারম্যান এবং আইআইটি কানপুরের বোর্ড অফ গভর্নর্স এর

বর্তমান চেয়ারম্যান কে রাধাকৃষ্ণান। আগামী দু'মাসের মধ্যে এই কমিটিকে শিক্ষা মন্ত্রকের কাছে রিপোর্ট পেশ করতে হবে।

NEET PG postponed :

জাতীয় পর্যায়ে কয়েকটি প্রতিযোগিতামূলক পরীক্ষার সুষ্ঠু প্রক্রিয়া নিয়ে ওঠা অভিযোগগুলিকে বিবেচনায় রেখে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক / মেডিক্যাল শিক্ষার্থীদের জন্য জাতীয় PARIKSHA বোর্ড পরিচালিত NEET-PG প্রবেশিকা পরীক্ষার প্রক্রিয়া সুদৃঢ় রয়েছে কিনা এবিষয়ে পর্যালোচনা করার সিদ্ধান্ত নিয়েছে। এ কারণে, আজ রবিবার যে NEET-PG প্রবেশিকা পরীক্ষা নেওয়ার কথা ছিল, সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে তা স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য মন্ত্রক।

পরবর্তী সময়ে কবে এই পরীক্ষা নেওয়া হবে সেই বিষয়ে নতুন তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে। শিক্ষার্থীদের এই অসুবিধার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, শিক্ষার্থীদের সর্বোত্তম স্বার্থে এবং পরীক্ষা প্রক্রিয়ার শুদ্ধতা বজায় রাখতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

Rail Garib Rath :

আগরতলা-কলকাতার মধ্যে গরিব রথ এক্সপ্রেসটি আগামী তেসরা জুলাই থেকে চলাচল শুরু হবে। উভয়দিকে সপ্তাহে একদিন চলবে এই গরিব রথ। প্রতি সোমবার কলকাতা থেকে রাত ৯টা চল্লিশ মিনিটে আগরতলার উদ্দেশ্যে যাত্রা করবে। আবার প্রতি

বুধবার সকাল ৭টা ৩৫ মিনিটে আগরতলা থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে।

DM West press :

পশ্চিম জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার গতকাল আগরতলায় সাংবাদিকদের জানান, জমি সংক্রান্ত মামলার জন্য এখন থেকে প্রত্যেক শনি ও রবিবার জেলা শাসকের কার্যালয়ে রাজস্ব আদালত বসবে। যাদের জমি সংক্রান্ত সমস্যা রয়েছে তারা সমস্যার সমাধানের জন্য এই আদালতে আপিল করতে পারবেন। তিনি আরো জানান, বর্তমানে প্রায় তিন হাজার রাজস্ব সংক্রান্ত মামলা রয়েছে। এই মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার জন্য বিশেষ রাজস্ব আদালতের আয়োজন করা হয়েছে।

Detain of 9 bangladeshi :

আগরতলা রেল স্টেশনে গতকাল ছয় মহিলা সহ নয়জন বাংলাদেশি নাগরিককে আটক করেছে পুলিশ। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানিয়েছেন, ধৃতদের আজ সিজিএম আদালতে হাজির করা হবে। বেআইনিভাবে রাজ্যে প্রবেশ করেছিল ধৃতরা। তিনি আরও জানান, জিজ্ঞাসাবাদে ধৃতরা স্বীকার করেছে তারা ট্রেনে গুজরাট, বেঙ্গালুরু এবং দিল্লি যাওয়ার জন্য আগরতলা রেল স্টেশন এসেছিল।

Maan Ki Baat :

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামী ২৮শে জুন পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

Olympic Rally:

আন্তর্জাতিক অলিম্পিক দিবসকে সামনে রেখে ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশন আজ এক র্যালীর উদ্যোগ নিয়েছে। র্যালীটি শুরু হবে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে। বিভিন্ন রাজপথ পরিক্রমা করে পুনরায় রবীন্দ্র ভবন প্রাঙ্গণে এসেই শেষ হবে। এদিকে অলিম্পিক দিবসকে সামনে রেখে ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের অনুমোদিত কিছু সংস্থা বয়স ভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করে চলেছে।

Track inspection by Sports Minister:

পানিসাগরের আরসিপিই'তে নবনির্মিত এস্ট্রা টার্ব ট্র্যাকটি গতকাল পরিদর্শন করেন ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়। পরে তিনি বলেন, মুখ্যমন্ত্রীর প্রয়াসে এই অত্যাধুনিক ট্র্যাকটি গড়ে তোলা হয়েছে। রাজ্যের খেলোয়াড়দের উৎসাহ দিতেই বিশ্বমানের ট্র্যাক তৈরী করা হয়েছে। এতে একই সাথে দৌড়ের এবং ফুটবলের

ব্যবস্থা রাখা হয়েছে। আগামী ২ জুলাই এই মাঠের উদ্বোধনের উদ্যোগ নেয়া হবে। পরে মাঠের সাথে নির্মীয়মান সুইমিং পুলের কাজও মন্ত্রী ঘুরে দেখেন। পরিদর্শনের সময় সাথে ছিলেন উত্তর জেলা ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, রাজ্যে আকাশ প্রধানত মেঘলা থাকবে। বিভিন্ন এলাকায় বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রী ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রী সেলসিয়াস থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রী সেলসিয়াস।

.....